GEORGE R.R.
MARTIN
অনুবাদঃ শোভন
ALSO A NEW ORIGINAL SERIES FROM HBO
A GAME OF THRONES
DYNAMITE ENTERTAINMENT • ISSUE #6

A GAME OF THRONES

BOOK ONE OF A SONG OF ICE AND FIRE

Based on the novel by
GEORGE R.R. MARTIN

Adapted by
DANIEL ABRAHAM

Art by
TOMMY PATTERSON

Letters by
MARSHALL DILLON

Colors by
IVAN NUNES

Cover by
MIKE S. MILLER

Series Editors:
ANNE GROELL
TRICIA PASTERNAK

Iron Throne image by TOM HALLMAN

For more on A Game of Thrones, visit:
WWW.DYNAMITE.NET and BANTAM-DELL.ATRANDOM.COM

DYNAMITE ENTERTAINMENT
www.DYNAMITE.net
Follow us on Twitter @dynamitecomics

Nick Barrucci, President
Juan Collado, Chief Operating Officer
Joe Rybandt, Editor
Josh Johnson, Creative Director
Rich Young, Director Business Development
Jason Ullmeyer, Senior Designer
Josh Green, Traffic Coordinator
Chris Caniano, Production Assistant

SUSTAINABLE FORESTRY INITIATIVE
Certified Chain of Custody
Promoting Sustainable Forestry
www.sfiprogram.org
This label only applies to the text section.

GEORGE R.R. MARTIN'S A GAME OF THRONES, Volume 1, Issue #6. First printing. Published by Dynamite Entertainment, 155 Ninth Avenue, Suite B, Runnemede, NJ 08078. Copyright © 2012 by George R.R. Martin. Adapted from his novel A GAME OF THRONES, copyright © 1996. Dynamite, Dynamite Entertainment and the Dynamite Entertainment colophon are ® and © 2012 DFI. All rights reserved. Dynamite, Dynamite Entertainment & The Dynamite Entertainment logo ® 2012 DFI. All names, characters, events, and locales in this publication are entirely fictional. Any resemblance to actual persons (living or dead), events or places, without satiric intent, is coincidental. No portion of this book may be reproduced by any means (digital or print) without the written permission of Dynamite Entertainment except for review purposes. **Printed in Canada**

For information regarding press, media rights, foreign rights, licensing, promotions, and advertising e-mail: marketing@dynamite.net

আআআআহ্!

ক্র্যাক
যথেষ্ট হয়েছে।
জারজটা আমার কব্জি ভেঙে ফেলেছে।
জারজটা তোমার পায়ের রগ কেটে তোমার খুলি দু'ভাগ করে ফেলেছে আর তোমার হাত কেটে ফেলেছে। তোমাদের তলোয়ারগুলো আসল হলে অন্তত এটাই হতো।
ভাগ্য ভালো যে রাতের প্রহরীদের রক্ষীর পাশাপাশি আঙ্গাবল রক্ষণাবেক্ষণকারীও দরকার।
আজকের মতো যাও। তোমাদের অযোগ্যতা দেখে যাওয়ার মতো ধৈর্য নেই আমার আর।

রাতের প্রহরী হিসেবে জীবন এভাবে কাটবে সেটা জনকে টিরিয়ন ল্যানিস্টার ছাড়া আর কেউ বলেনি। কিন্তু ততদিনে অনেক দেরি হয়ে গিয়েছে।
সে তাঁর আসল ভাইবোনদের অভাব অনুভব করছিল। এমনকি সান্সাকেও মনে পড়ছিল তাঁর।
কালো দুর্গে উষ্ণতার ছিটেফোঁটাও ছিল না। পাথরগুলো যেমন শীতল, এখানকার মানুষের মন আরও বেশি শীতল।
তুই আমার কব্জি ভেঙে ফেলেছিস, জারজ কোথাকার।
তোর জন্য আমাদের গালমন্দ খেতে হলো।
আমি আসার আগেও তোমার যোগ্যতা গালমন্দ খাওয়ার মতোই ছিল, টোডা।
পুঁচকে লর্ডের ছোড়াটা বেশি কথা বলে।
তোর একটা ফয়সালা করতে হবে।

তোমরা তোমাদের ঝগড়া আমার অস্ত্রশালার বাইরে রাখো, নইলে একটু পর আমাকেও এই ঝগড়ার অংশ হিসেবে দেখতে পাবে।
গ্রেন, তুমি পণ্ডিত এইমনকে তোমার কব্জি দেখাও গিয়ে, আর বাকিরা যারযার ঘরে ফিরে যাও।
আর সো, তুমি থাকো।
প্রহরী হিসেবে আমাদের যত সম্ভব জনবল দরকার, এমনকি টোড ও গ্রেনের মতো হলেও।
কথা বলার সময় আমার দিকে খেয়াল করো।
এটা তোমাকে মেনে নিতে হবে। তুমি এখানে সারাজীবনের জন্য থাকবে। আর তোমার জীবনকাল লম্বা না ক্ষণস্থায়ী হবে, সেটা নির্ভর করবে তোমার উপর।
তুমি যে পথে এগুচ্ছো, একদিন তোমার এই ভাইয়েরাই তোমার গলায় ছুরি চালাবে।
ওরা আমার ভাই না। ওরা আমাকে ঘৃণা করে, কারণ আমার যোগ্যতা ওদের চেয়ে বেশি।
না, ওরা তোমাকে ঘৃণা করে কারণ তুমি সবসময় ওদের কাছে নিজের যোগ্যতা জাহির করো। এমনিতেই তুমি একজন জারজ, তারপরে এমন আচরণ!

“কথাটা ভেবে দেখবে, জন। ওদের কেউই স্যার অ্যালিস্টার থর্ন এর আগে কোন অস্ত্র প্রশিক্ষক পায়নি।”
“ওরা লড়াইয়ের যতটুকু জানে, সেটা শিখেছে পথেঘাটে মারামারি করে। এখানকার প্রতি কুড়ি জনের একজনও এতটা ধনী ছিল না যে নিজে আসল তলোয়ার কিনবে।”
আসল তলোয়ারের লড়াইয়ে ওরা কেউই টিকবে না, আর সেটা সবাই জানে। আর তুমি ওদের নিয়ে মজা করছো।
আমি তো...
ব্যাপারটা ভেবে দেখো। নইলে মাথার কাছে একটা ছুরি নিয়ে ঘুমিও।
এখন যাও।
ডোনাল নয়ের মুখে জীবনদর্শন মানায়। তিনি জীবনের রূপ দেখেছেন। তিনি প্রহরী হিসেবে যোগ দিয়েছেন স্টর্ম'স এন্ড এর অবরোধের সময় এক হাত হারাবার পর।
এর আগে তিনি রাজার ভাই স্ট্যানিস ব্যারাথিওনের কামার হিসেবে কাজ করতেন।
লোকে বলে উনিই নাকি রাজা রবার্টের যুদ্ধহাতুড়ি তৈরি করেছিলেন, যার আঘাতে রেইগার টারগ্যারিয়ান প্রাণ হারিয়েছিল।

মানুষের স্বভাব কত আজব। একজন একটা দেয়াল তৈরি করে আর একটু পরেই আরেকজন দেয়ালের ওপাশে কি আছে তা জানতে চায়।
অভিযাত্রী রক্ষীদের মতে ওখানে বন, পর্বত আর বরফে জমে থাকা হ্রদ ছাড়া আর কিছুই নেই।
রূপকথার জন্তুদের কথা ভুলে যেওনা লর্ড স্নো। ওগুলোর অস্তিত্ব ছাড়া সবই পানসে।
আমাকে লর্ড স্নো বলে ডাকবেন না।
তুমি কি তাহলে চাও সবাই তোমাকে "অপয়া" নামে ডাকুক? কেউ তোমার কোন নাম দিলে সেটা গ্রহণ করে নাও, যাতে ওটা ব্যবহার করে কেউ তোমাকে কষ্ট না দিতে পারে।
তোমার নেকড়েটাকে দেখছি না।
প্রশিক্ষণের সময় আমি ওকে বেঁধে রাখি। বাকি সময় ও আমার সঙ্গেই থাকে। আমার ঘর হার্ডিন্স টাওয়ারে।
যেটা আমাদের রাজা রবার্ট মাতাল অবস্থায় যেভাবে হেলে থাকে, সেভাবে হেলে আছে, আর চূড়াটা একটু ভাঙা।
মিনারটা ভেঙে তোমার মাথায় পড়ার আগেই তোমার বাবাকে বেশি করে রাজমিস্ত্রি গ্রেপ্তার করতে বলবো।
স্নো, লর্ড কম্যান্ডার তোমাকে ডেকে পাঠিয়েছেন।


আমার চাচার ব্যাপারে? উনি কি নিরাপদে ফিরে এসেছেন?
তাঁরা এখানে এসে পৌঁছাবার তিনদিন পরেই বেঞ্জেন স্টার্ক ছয়জন অভিযাত্রীর দল নিয়ে দেয়ালের ওপাশের জঙ্গলে অভিযানে বের হন।
এরপর তিনি আর ফিরে আসেননি। এতদিনেও তাঁর ফিরে না আসার কারণে সবাই কানাকানি করছিল।
জন তাঁর সঙ্গে যেতে চেয়েছিল, কিন্তু বেঞ্জেন ওর অনুরোধ প্রত্যাখ্যান করেছিলেন।
তুমি এখানো অভিযাত্রী রক্ষীতে পরিণত হওনি, জন। এখানে সবাই যারযার যোগ্যতা অনুযায়ী দায়িত্ব পায়।
এ ব্যাপারে কথা বলার কোন অধিকার নেই আপনার, লানিস্টার।
উইন্টারফেল থেকে আজ সকালে একটা কাক এসেছে তোমার ভাইয়ের ব্যাপারে সংবাদ নিয়ে।
মানে, সৎ ভাই।
লর্ড কমান্ডার দেরি করা পছন্দ করেন না, আর আমি পছন্দ করিনা আমার আদেশ সম্পর্কে প্রশ্ন শুনতে।
থামুন থর্ন, আপনি ছেলেটাকে ভয় পাইয়ে দিচ্ছেন।
ঠিক, কিন্তু রাজসভায় আমার সে অধিকারটা রয়েছে। ঠিক লোকের কানে আমার কথা গেলে আপনি নতুন কাউকে প্রশিক্ষণ দেয়ার আগেই প্রাণ হারাবেন।
এবার স্লো কে বলুন, বুড়ো ভালুকটা ওকে কেন ডেকে পাঠিয়েছে।

ব্রান! ব্রানের ব্যাপারে কি লেখা আছে?
শুনেছি, তুমি পড়তে জানো।
ক্র...ক্র
ও জেগে উঠেছে। দেবতারা ওকে আমাদের কাছে ফিরিয়ে দিয়েছেন
প্রভু, বানিয়ো আমি দুঃখিত, বাছা।
আমার ভাইটা বাঁচবে!

ও বাঁচবে!
ব্র্যান বাঁচবে!
আমার থেকে দূরে থাক, জারজ কোথাকার।
তোমার কন্যার জন্য আমি দুঃখিত, গ্রেন। রবও আমার উপর একই কৌশল কাজে লাগাতো, আর এতে প্রচুর ব্যাথা আমি জানি।
তুমি চাইলে ওই কৌশলটা প্রতিহত করা তোমাকে শেখাতে পারি।
লর্ড স্নো এবার আমার পদ দখল করতে এসেছেন!
এই ষাঁড়গুলোকে প্রশিক্ষণ দেয়ার চেয়ে একটা নেকড়েকে সার্কাস শেখানো সহজ।

তবে আমি আপনাকে সে দায়িত্ব দিতে রাজি, সার অ্যালিষ্টার। গোষ্টের সার্কাস দেখতে আমার ভালো লাগবে।
হাঃ হাঃ হাঃ হাঃ
হেহ। হেহ। হেহ।
মারাত্মক একটা ভুল করলে, লর্ড স্নো।

এডার্ড লাল দুর্গে এসে পৌঁছালো ক্লান্ত, ক্ষুধার্ত ও বিরক্ত মনে। তাঁর ইচ্ছে হচ্ছে গরম পানিতে লম্বা একটা গোসল শেষে মুরগির রোস্ট খেয়ে পালকের বিছানায় আরাম করে একটা ঘুম দিতে। কিন্তু সেটা আর হলো না।
লর্ড স্টার্ক, মহাপণ্ডিত পাইসেল রাজ উপদেষ্টাদের একটা জরুরী সভা ডেকেছেন।
যত দ্রুত সম্ভব আপনার উপস্থিতি কামনা করা হচ্ছে।
অনেক ধন্যবাদ।
এরপর তিনি ক্লান্ত শরীরেই ধার করা পোশাকে লম্বা পা ফেলে সভাকক্ষে প্রবেশ করলেন, যেখানে তাঁর অপেক্ষায় ছিলেন অন্যান্য সদস্যগণ।
লর্ড স্টার্ক, আপনার এখানে আসার পথে ঘটা ঘটনা জেনে আমি মর্মাহত।
আশা করছি রাজকুমার জফ্রি দ্রুত সেরে উঠবেন।

দেবতারা আপনার প্রার্থনা শুনেছেন। রাজকুমার দিনদিন শক্তিশালী হয়ে উঠছে।
লর্ড রেনলি, আপনি দেখতে অবিকল আপনার ভাই রবার্টের অনুলিপি।
বাজে মাপের অনুলিপি।
অন্তত তাঁর থেকে ভালো পোশাক পরেন।
আমি বহুবছর ধরে আপনার সাক্ষাৎ কামনা করছিলাম, লর্ড স্টার্ক। কেইটলিন নিশ্চয়ই আমার কথা আপনাকে বলেছে।
বলেছে, আমার ভাই ব্রান্ডনও বলেছিল। ...ক্ষোভ ভরা মনে।
পণ্ডিত পাইসেল, আশা করি আপনি সুস্থ আছেন।
বয়সের বিচারে যথেষ্টই সুস্থ আছি, যদিও অল্পতেই ক্লান্ত হয়ে পড়ি।
আরও অপেক্ষা করলে আমি হয়তো ঘুমিয়েই পড়বো।
আপনাদের অপেক্ষায় রাখার জন্য আমি দুঃখিত। কিন্তু এখানে তো আমরা মাত্র পাঁচজন।
লর্ড স্টানিস আছেন ড্রাগনস্টোনে, আর স্যার ব্যারিস্টান রাজার সঙ্গে।
মহামান্য রাজা রবার্টকে অনেক দিকে খেয়াল রাখতে হয়, তাই টুকিটাকি ব্যাপারগুলো আমাদের হাতে ছেড়ে দিয়েছেন তিনি।

লর্ড ট্যারিস যা বলতে চাচ্ছেন তা হচ্ছে টাকা, শস্য আর বিচারবিভাগের কাজ আমার ভাইকে অর্তিত করে তুলেছে, তাই তিনি এসব আমাদের হাতে ছেড়ে দিয়েছেন।
যদিও সে নিয়মিত আমাদের কাছে তাঁর নির্দেশ পাঠায়।
অবিশ্বাস্য...
রাজার ব্যক্তিগত সহকারী হিসেবে লর্ড স্টার্ক এর অভিষেক উপলক্ষ্যে রাজা একটি ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করার নির্দেশ দিয়েছেন।
পুরস্কার থাকবে নব্বই হাজার স্বর্ণমুদ্রা।
এটা কি রাজকোষ থেকে যাবে?
কিসের রাজকোষ? আমাকে টাকাটা ধার করতে হবে।
লর্ড টাইউইন এমনিতেই আমাদের কাছে ত্রিশ লক্ষ স্বর্ণমুদ্রা পায়, আর এক লক্ষ ধার নিতে সমস্যা কি?
রাজা ত্রিশ লক্ষ স্বর্ণমুদ্রা দেনা?
রাজা মোট ষাট লক্ষ স্বর্ণমুদ্রা দেনা, যার সিংহভাগই ল্যানিস্টারদের কাছে, লর্ড স্টার্ক।
অর্থ উপদেষ্টা অর্থের জোগাড় করে দেয় এবং রাজা ও তাঁর সহকারী তা খরচ করেন।
আমি এ ব্যাপারে রাজার সঙ্গে কথা বলবো। এমন প্রতিযোগিতার আয়োজন করা
এখন আমি ক্লান্ত। আজকের মতো সভা এখানেই শেষ হোক। পরে আবার কথা হবে।

আপনি ভুল পথে যাচ্ছেন, স্টার্ক। আমার সঙ্গে আসুন।
এটা তো আমার ঘরে যাবার রাস্তা নয়।
তা আমি জানি। আপনার স্ত্রী অপেক্ষায় রয়েছেন।
কি খেলা খেলতে চাইছো তুমি, লিটলফিঙ্গার? আমার স্ত্রী এখান থেকে শত মাইল দূরে রয়েছে।
শেষবারের মতো অনুরোধ করছি, আসুন। না এলে তাঁকে আমি আমার কাছেই রেখে দেবো।
আমরা দুর্গের বাইরে আছি।
আপনাকে বোকা বানানো কঠিন কাজ, স্টার্ক। তা, কি দেখে বুঝলেন? সূর্য, নাকি আকাশ?
এখান থেকে আমরা রওয়ানা হবো।

পতিতালয়? তুমি আমাকে এতদূরে নিয়ে এসেছ পতিতালয় দেখাতে?
এই জায়গাটি আমার। আপনার স্ত্রী ভেতরে আছেন।

এটাই আমার প্রতি তোমার শেষ অপমান। ব্র্যান্ডন অনেক সহনশীল ছিল!
মহামান্য লর্ড, না!

স্যার রড্রিক? তাহলে কেইটলিন কি আসলেই এসেছে?
তিনি উপরে আপনার অপেক্ষায় রয়েছেন।

চেহারা থেকে রাজার সহকারীর ভাবটা মুছে একটু লম্পট ভাব ফুটিয়ে তুলুন।
এতে আপনার পরিচয় গোপন থাকবে।

নেড...
প্রিয়তমা...
যাক, আপনি তাঁকে চিনতে পেরেছেন তাহলে।
আশংকা হচ্ছিলো আপনি কখনো আসবেন ই না।
তুমি কিংস্ ল্যান্ডিং এ কি করছো? ব্রান কি তাহলে?...
ব্যাপারটা ব্রানকে নিয়েই, তবে তুমি যা ভাবছো সেটা না।
তোমার হাতা এটা কিভাবে হলো?
ব্রানকে হত্যা করার জন্য এই ছুরিটা দেয়া হয়েছিল।
ছুরিটা টিরিয়ন ল্যানিস্টারের।

টিরিয়ন ওকে হত্যা করতে চাইবে কেন? ছেলেদের কেউই তাঁর কোন ক্ষতি করেনি।
কাজটা সে একা করেনি।
ল্যানিস্টারেরা? রাণী? রাজা এ কাজ করবে না সেটা আমি নিশ্চিত।
আমার বিশ্বাস, রাজা এ ব্যাপারে কিছুই জানেন না। তিনি তাঁর আপ্রিয় ব্যক্তিদের সম্পর্কে কোন খোঁজখবরই রাখেন না।
আমি পিটারকে জন অ্যারিনের মৃত্যু সম্পর্কে আমাদের ধারণার কথা জানিয়েছি। ও আমাদেরকে সাহায্য করবে বলেছে।
ভ্যারিস এ ব্যাপারে কিছু জানে?
আমি একটা নপুংসকের চেয়ে ল্যানিস্টারদের ব্যাপারে বেশি গুরুত্ব দিতাম।
ভ্যারিসকে আমার হাতে ছেড়ে দিন।
এখানে থেকে তোমার আর কাজ নেই, তুমি উইন্টারফেলে ফিরে যাও। একজন হত্যাকারক এসে থাকলে আরও আসতে পারে।
যে ওকে হত্যা করতে লোক পাঠিয়েছিল, সে শীঘ্রই জেনে যাবে যে ও বেঁচে আছে।
হ্যাঁ, মহামান্য লর্ড।

তোমার এ উপকার আমি কখনো ভুলবো না, পিটার।
ব্যাপারটা কাউকে বলোনা যেন। অনেক কষ্টে আমি রাজসভার কাছে নিজেকে দুষ্টস্বভাবের ও নির্মম হিসেবে প্রমাণ করেছি।
আমি আমার ওই অর্জন বৃথা যেতে দিতে চাইনা।
আমার ধন্যবাদও তোমার পাওনা, লর্ড বেইলিশ।
অমূল্য অর্জন! যাই হোক, কেউ খেয়াল করার আগেই আমাদেরকে দুর্গে ফিরে যেতে হবে।
একটু অপেক্ষা করো।
বাড়ি ফিরে তীরন্দাজের সংখ্যা বাড়িয়ে তুমি সাদা পোতাশ্রয়ের নিরাপত্তা জোরদার করবে।
আর থিওন গ্রেজয়কে নিজের কাছাকাছি রেখো। যুদ্ধ বাঁধলে ওর বাবার নৌবহর আমাদের দরকার হবে।
যুদ্ধ?
প্রার্থনা করি ব্যাপারটা সেদিকে মোড় নেবেনা। জন আরিনকে যে ল্যানিস্টাররা খুন করেছে, সে প্রমাণ আমি জোগাড় করবো।
এরপর ওই প্রমাণ সহ আমি রবার্টের কাছে যাবো।
"আর প্রার্থনা করি তাঁকে যেমন ভাবি, সে যেন তেমনই হয়। আর যেমনটা ভাবিনা তেমন যেন না হয়।" সে মনেমনে ভাবলো।

তথ্‌রাকি
সমুদ্র।

এত সবুজ!
ফুল ফোটার পর দেখলে বুঝতেন। যতদূর চোখ যায় গাঢ় লাল ফুলের সমারোহ। ঠিক যেন রক্তের সমুদ্র।
আর শুষ্ক মৌসুমে এটা ধারণ করে পুরনো ব্রোঞ্জ এর রঙ।


ড্যানি চেয়েছিল ওর ভাই যেন দেন্টোসেই থেকে যায়। কিন্তু ভিসেরিস তাঁর সিংহাসন না পাওয়া পর্যন্ত দ্রোগোর পিছু ছাড়বে না, যার প্রতিশ্রুতি দ্রোগো তাঁকে দিয়েছিল।
কিন্তু সে তাঁর ভাইয়ের প্যানপ্যান শুনতে রাজি নয়। দিনটা চমৎকার কাটছিল তাঁর।

ওদের সবাইকে এখানে থাকতে বলুন, এটা আমার আদেশ।
আপনি রাণীদের মতো কথা বলতে শিখছেন।


রাণী না।
খালিসি!

প্রথমদিন তাঁর খুব কষ্ট হলো। কোমর ও পায়ে প্রচুর ব্যাথা। লাগামের কারণে হাতে ফোস্কা, আর পিঠের পেশীর ব্যাথার কারণে সে ঠিকভাবে বসতেও পারছিলো না।

আর রোজ রাতে দ্রোগো তাঁর তাবুতে এসে পেছন দিক থেকে তাঁর উপর চড়ে বসতো নিজের ঘোড়ার মতো করে।

কালক্রমে এমন এক দিন এলো যখন সে এসব সহ্য করতে না পেরে আত্মহত্যা করার কথা ভাবলো।

ওই রাতে ঘুমানোর পর একটা ড্রাগন স্বপ্নে দেখলো সে। এর আগুনের মাঝে সে বাহু প্রসারিত করে দাঁড়িয়ে, অথচ তাঁর কোন যন্ত্রণা হচ্ছেনা।

সে আগুনকে আলিঙ্গন করে নিলো। আগুনে পরিশুদ্ধ ও শক্তিশালী হয়ে উঠলো সে। যেন সে নিজেকে নতুন রূপে ফিরে পেয়েছে।

এরপর থেকে দিনদিন তাঁর দিনকাল ভালো কাটতে থাকলো।

বাতাস ছিল মাটি আর ঘাসের গন্ধে পরিপূর্ণ। তাঁর মনে হচ্ছিলো ঘোড়ার গন্ধ, তাঁর নিজের ঘাম আর চুলের তেলের গন্ধ এখানকারই অংশ।

কত্তবড় সাহস!

তুমি আমাকে আদেশ দাও?
আমাকে?

আমি একটা ঘোড়ার রাখালের রক্ষিতার দেয়া কোন আদেশ মানবো না, বুঝেছ?

সে এর আগে কখনোই ওর ভাইয়ের বিরোধিতা বা প্রতিবাদ করেনি।

ওর ভাই এখন ওকে কঠোর আঘাত করবে, এবং তা ও বুঝতে পেরেছিল।
চটাশ!

জোগো জানতে চাইছে আপনি ওর মৃত্যুদণ্ড চান কিনা, খালিসি।

আমি তাঁর কোন ক্ষতি চাইনা।
তাঁর ঘোড়া নিয়ে নাও আর দলের পিছুপিছু তাঁকে হাঁটিয়ে নাও। সবাইকে দেখিয়ে দেখিয়ে!
না! মরমন্ট, একে আঘাত করো। এই তথাকথিত কুকুরগুলোকে খুন করে একে উচিৎ শিক্ষা দাও।
রাজা হিসেবে আমি তোমাকে আদেশ করছি!

স্যার জোরাহ, আপনার কি মনে হয় ফিরে যাবার পর ও রেগে থাকবে?
আমি ওর ভেতরকার ড্রাগনকে জাগিয়ে তুলেছি, তাইনা?
আপনার ভাই রেইগার ছিলেন শেষ ড্রাগন, আর তিনি ত্রিশূলের যুদ্ধে প্রাণ হারিয়েছেন।
ভিসেরিসের মধ্যে ড্রাগন তো দূরের কথা, একটা সাপের ছায়াও আমি দেখিনা।
তবুও সে ই প্রকৃত রাজা। ও...
সত্যি করে বলুন, আপনি তাঁকে রাজা হিসেবে দেখতে চাইবেন?
ও রাজা হিসেবে ভালো করবে না, তাইনা?
কিন্তু সাধারণ জনতা অপেক্ষা করে আছে। ম্যাজিস্টার ইলিরিও বলেছেন তাঁরা নাকি ড্রাগনের চিহ্নযুক্ত পতাকা সেলাই করে ভিসেরিসের প্রত্যাবর্তনের জন্য প্রার্থনা করছে।

সাধারণ জনতা বৃষ্টি, সুস্থ সন্তান আর অনন্তকাল স্থায়ী গ্রীষ্মের জন্য প্রার্থনা করে।
সিংহাসনে বসা নিয়ে শাসকদের খেলায় তাঁদের কিছু যায় আসেনা, যদি তাঁদেরকে শান্তিতে থাকতে দেয়া হয়।
যদিও এটা বিরল।
আর আপনি কিসের জন্য প্রার্থনা করেন, সার জোরাহ?
বাড়ি।
আমি নিজেও বাড়ি ফিরতে চাই, কিন্তু আমার ভাইয়ের কাছে কোন টাকা নেই। আর তাঁকে একমাত্র যে নাইট অনুসরণ করে, তাঁর কাছে সে একটা সাপের চেয়েও নগণ্য!
ও আমাদেরকে কখনোই বাড়ি ফেরাতে পারবে না।
বুদ্ধিমতী পিচ্চি।
আমি পিচ্চি নই।

যখন ভিসেরিস খুঁড়িয়ে খুঁড়িয়ে ফিরে এলো, তখন সবাই জেনে গিয়েছে যে তাঁকে শাস্তিস্বরূপ হাঁটিয়ে আনা হয়েছে।

তাঁর ড্রাগনের ডিমগুলো মূল্যহীন পাথরের টুকরার মতো। এমনকি ইলিরিও ও বলেছেন যে ড্রাগনেরা নিশ্চিহ্ন হয়ে গিয়েছে।

শুধু সূর্যের আলোতে এরা একটু গরম হয়ে উঠত, এই যা।

তুমি কখনো ড্রাগন দেখেছো?

ড্রাগনেরা লোপ পেয়েছে, খালিসি।

"কোথাও নেই? এমনকি পূর্বেও?"

"কোথাও নেই। সাহসী পুরুষেরা ওদের হত্যা করেছে। কারণ ড্রাগনেরা ভয়ানক জন্তু।"

কার্থ থেকে আসা এক ব্যবসায়ী আমাকে বলেছিলেন ড্রাগনেরা নাকি চাঁদ থেকে এসেছে।
আকাশে একসময় দুইটি চাঁদ ছিল। একটি চাঁদ ঘুরতে ঘুরতে সূর্যের খুব কাছে চলে যায়, আর উত্তপ্ত হয়ে ডিমের মতো ফেটে যায়।
"তখন এক হাজার ড্রাগনের জন্ম হলো, আর ওরা সূর্য থেকে আগুন পান করলো। একারণেই ড্রাগনের মুখ থেকে আগুন বের হয়।"
"কোন একদিন এই চাঁদটাও সূর্যের কাছাকাছি চলে যাবে, আর উত্তাপে ফেটে যাবে। তখন ড্রাগনেরা আবার ফিরে আসবে।"
ডোরেয়াহ,তুমি কি একটু থাকবে? কিছু ব্যাপারে জানার ছিল।
হ্যাঁরি আর ঝিকি যাও।
সে রাতে খাল দ্রোগো এলো। ও তাঁর জন্য অপেক্ষায় ছিল।
আজ রাতে আমাদের বাইরে যাওয়া উচিৎ, প্রভু।

ডথ্রাকিদের বিশ্বাস ছিল, সব গুরুত্বপূর্ণ কাজ খোলা আকাশের নিচে করা উচিৎ।
আজ রাতে আমি আপনার মুখ দেখতে চাই।
ডথ্রাকিদের মনে গোপনীয়তা বলে কিছু ছিল না। সে যখন ডোরেয়াহ্ এর কথামতো কাজগুলো করছিলো, তখন সে দ্রোগোর দৃষ্টি অনুভব করতে পারছিলো।
তাঁর মাথার মধ্যে ঘুরতে থাকা কণ্ঠগুলোর এখন আর কোন মূল্য রইলো না। সে একজন খালিসি, এখন একমাত্র খালের চোখই তাঁর কাছে গুরুত্বপূর্ণ।
সে দুরন্তভাবে তাঁর উপর চড়তে লাগলো, যেভাবে সে তাঁর রুপালী ঘোড়ায় চড়ে। আর নিজের চরম আনন্দের সময় খাল দ্রোগো তাঁর নাম ধরে ডেকে উঠলো।
ড্যানেরিস!

খালিসি!!
আপনি সন্তানসম্ভবা।
আমি জানি।
চলবে...